গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-২
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

নম্বর- ৪৭.০০.০০০০.০৩২.০৪.০০৮.২০.৬৮

তারিখ: ২১ মাঘ ১৪৩০ / ০৪ ফেব্রুয়ারি ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তরের বিসিএস (সমবায়) ক্যাডারের (উপ-নিবন্ধক) কর্মকর্তা জনাব মোঃ মিজানুর রহমান, ঢাকা এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দ:বি: ৪০৯/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ তৎসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের (২ নং আইন) ৫(২) ধারা এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ৪(২), ৪(৩) ধারা মোতাবেক মেট্রো: বিশেষ মামলা নং-৯৮/২০১৯ মামলা দায়ের করা হয় এবং ঢাকা মহানগর স্পেশাল জজ আদালতের আদেশে বিগত ২৬.০৯.২০১৯ তারিখে তাঁকে জেল হাজতে প্রেরণ করা হয়;

০২। যেহেতু, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ০২.০৩.২০২০ তারিখের ৪৭.০০.০০০০.০৩২.০৪.০০৮.২০.১২০ সংখ্যক প্রজ্ঞাপন মূলে জনাব মোঃ মিজানুর রহমান, উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়;

০৩। যেহেতু, দুদকের ০২.০৫.২০২৩ তারিখের ০০.০১.২৬০০.৬০৩.০২.০১৯.১৯.১৫৬০৯ সংখ্যক আদেশ মোতাবেক মামলার চার্জশীট হতে অব্যাহতি প্রদানের পরিপ্রেক্ষিতে মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা এর ০৩.০৮.২০২৩ তারিখের আদেশে মামলার দায় হতে অব্যাহতি প্রদান করেন; এবং

০৪। যেহেতু, উক্ত আদেশের বিরুদ্ধে কোন আপিল দায়ের হয়নি এবং তাঁর বিরুদ্ধে অন্য কোন অভিযোগ/মামলা চলমান নেই;

০৫। সেহেতু, সরকারি কর্মচারী আইন, ২০১৮ এর ৩৯(৩) ধারা অনুযায়ী জনাব মোঃ মিজানুর রহমান, উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা-কে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে সরকারি চাকরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৭২ অনুযায়ী তার সাময়িক বরখাস্তকালকে কর্মকাল হিসাবে গণ্য করা হলো এবং তিনি সাময়িক বরখাস্তকালের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

০৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৪/০২/২০২৪
(মোসাম্মৎ হামিদা বেগম)
সিনিয়র সচিব

নম্বর- ৪৭.০০.০০০০.০৩২.০৪.০০৮.২০.৬৮/১(৮)

তারিখ: ২১ মাঘ ১৪৩০ / ০৪ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৩। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রাণালয়। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
৪। সিনিয়র সচিব এঁর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। জনাব মোঃ মিজানুর রহমান (সাময়িক বরখাস্ত), পিতা-নূর মোহাম্মদ হাওলাদার; বর্তমান ঠিকানা: ১০৯/এ, শ্যামলী হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা এবং স্থায়ী ঠিকানা: গ্রাম ও পোঃ-বদনিখালী, উপজেলা-বেতাগী, জেলা- বরগুনা।
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (পিডিএস হালনাগাদ ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। মাস্টার কপি/অফিস কপি।

৪.২.২৪
(মোহাম্মদ মাহবুব আলম)
উপসচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৫৫৬৩
admin2.section@rdcd.gov.bd